দর্শনায় সড়ক দুর্ঘটনায় আহত তুহিনের মৃত্যু

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার বেগমপুরে সড়ক দুর্ঘটনায় তুহিন ইমরান (১৮) নামে এক যুবক নিহত হয়েছেন।

আজ শনিবার ভোরে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। টানা ৯ দিন মৃত্যর সাথে পান্জা লড়ে হেরে গেলেন তুহিন ইমরান।

নিহত ইমরান সদর উপজেলার ছোট শলুয়া গ্রামের আশরাফুজ্জামান ওরফে সানাউল্লাহর ছেলে।

দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা জানান, গত ১৫ ফেব্রুয়ারি রাত ১০টার দিকে তুহিন মোটরসাইকেলে করে বেগমপুর গ্রাম থেকে নিজ বাড়িতে যাচ্ছিলেন। এ সময় বেগমপুর কেরুর ফার্মের সামনে পৌঁছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ধাক্কা লাগে। এতে তুহিন গুরুতর আহত হন।

এ সময় খবর পেয়ে বাড়ির লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক তার প্রাথমিক পরীক্ষা- নিরীক্ষা শেষে ভর্তি রাখেন।

তুহিনের অবস্থার অবনতি হলে ১৬ ফেব্রুয়ারি রাত ৩টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আজ শনিবার ভোর সাড়ে ৫টার দিকে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তুহিন মারা যান।

দর্শনা পরানপুর মোড় থেকে লোকনাথপুর পর্যন্ত সড়কের ৭৯টি

গাছ কেটে সাবাড়

দর্শনা পরানপুর মোড় থেকে লোকনাথপুর পর্যন্ত সড়ক নিমার্ন কাজ চলছে। আর এই সুযোগে সড়কের পাশে বিভিন্ন প্রজাতির ৭৯টি গাছ কেটে সাবাড় করেছে অসাধু ব্যক্তি।

এ খবর পেয়ে আজ বিকাল ৫টার দিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, দামুড়হুদা উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতা জেলা পরিষদের নিবার্হী প্রধান মিজানুর রহমান ও সহকারী নিবার্হী ইসরাইল হোসেনসহ বেশ কয়েকজন কর্মকর্তা পরানপুর দক্ষিন পাড়া মোড়ে আসে।
এসময় উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতা বলেন, জেলা পরিষদ আমাদের আইনি ব্যবস্থা নিতে বল্লে আমি আইনি ব্যবস্থা নেব।

এসময় জেলা পরিষদের চেয়ারম্যান বলেন, যে গাছগুলো কেটে ফেলেছে সে গুলো আগে উদ্ধার করা হোক তারপর কি ব্যবস্থা নেওয়া হবে। এরপর পুলিশ ডেকে গাছগুলো উদ্ধার কাজ শুরু করেছে। স্থানী লোকজন জানান, জেলা পরিষদের একজন সরকারী লোক এসে বলেছে যার যার জমির সামনে যে গাছগুলো কেটে নেওয়ার কথা। এরপর হাজী গোলজার মিয়ার জমির রাস্তার পাশের গাছগুলো কেটে নেয়।

এ খবর পেয়ে সড়কের পাশের জমির মালিক পরানপুর গ্রামের মৃত গোলজার হাজীর ছেলে আনারুল আজিম ১০টা, বাবর আলী ছেলে খোকন ৪টি, লোকনাথপুর মৃত ওয়াদুদ শাহের ছেলে গ্রামের মুকুল শাহ ৩টি, ইদ্রিস আলী ৪টি, মদু মিয়ার ছেলে জামাল উদ্দিন ৪টি, মাও হাবিবুর মওলানার ছেলে ৩টি, লাউ ক্ষেতের পাশে ৩টি ও গম ক্ষেতের পাশ থেকে ১টি মেহুগুনি গাছ কেটে নেয় জমির মালিকরা। এছাড়া পরানপুর গ্রামের সানোয়ার মন্ডলের ছেলে বাবু ৩টি,আকবার আলীর ছেলে মাসুদ ৬টি, ফেলু মন্ডলের ছেলে ইসরাফিল হোসেন ৪টি ও আব্দুর রব ২টি, নবাব আলীর ছেলে মহসিন ১৩টি, গাছগুলো কেটে নেয়।

এ সুযোগে কিছু সুযোগসন্ধানী লোক সড়কের পাশের ৭৯টি গাছ কেটে ফেলেছে। কেউ কেউ গাছ কেটে বিক্রীও করেছে। কেউ বাড়ি বাড়ি জমা করে রেখেছে। এ বিষয় জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু জেলা পরিষদের কর্মকতার্দের নির্দেশ দেন পুলিশ সাথে নিয়ে কাটা গাছগুলো যেখানে আছে উদ্ধার করে দর্শনা ডাকবাংলো চত্বরে রাখার। কেউ যদি কোন সো মিলে রাখে সেখান থেকে উদ্ধার করার নির্দেশ

প্রদান করেন।

দর্শনা প্রতিবন্ধী স্কুল পরিদর্শন করলেন সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক

চুয়াডাঙ্গার দর্শনায় প্রতিবন্ধী স্কুল পরিদর্শন করলেন সমাজ সেবা অধিদপ্তর চুয়াডাঙ্গা এর উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশীদ। আজ সোমবার দুপুরে তিনি দর্শনা পৌরসভার বিশেষ শিক্ষা প্রতিবন্ধীদের বিদ্যালয় পরিদর্শন করেন।

দর্শনা পৌর এলাকার রামনগরে অবস্থিত প্রতিবন্ধী স্কুল পরিদর্শনকালে তিনি বলেন, প্রতিবন্ধীরা সমাজের বোঝা নয় বরং তারা দেশের সম্পদ। তারা বেড়ে ওঠার সকল সুযোগ সুবিধা পেলে প্রতিবন্ধী শিশুরাও দেশ ও সমাজের সম্পদে পরিণত হতে পারবে। তিনি আরও বলেন, প্রতিবন্ধীদের শিক্ষিত ও প্রতিবন্ধিতার ধরন অনুযায়ী দক্ষ করে গড়ে তুললে তারাও জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

২০১৪ সালে একযোগে সারাদেশে প্রতিবন্ধীদের শিক্ষার আলোয় আলোকিত করতে সমাজসেবা অধিদপ্তর দ্বারা পরিচালিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয় সারা দেশে প্রতিষ্ঠিত হয়। তারই অংশ হিসাবে দর্শনায় প্রতিষ্ঠিত বিশেষ শিক্ষা (প্রতিবন্ধী) বিদ্যালয়ে অগ্রগতি, কার্যক্রম দেখতে পরিদর্শনে আসেন।

অতিথিদের আগমনে বিদ্যালয়ের পক্ষ থেকে স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীরা ফুল দিয়ে তাকে বরণ করে নেন। এরপর অতিথিদয় ক্লাসরুমের কার্যক্রম ঘুরে ঘুরে দেখেন এবং ছাত্র ছাত্রীদের সাথে কথা বলে সন্তোষ প্রকাশ করেন। পরে তিনি শিক্ষকদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা করেন। বিদ্যালয়ের বিভিন্ন অগ্রগতি, সুফল ও সমস্যার কথা শোনেন এবং বিদ্যালয়ের সমস্যা গুলো অতিসত্বর সমাধানের আশ্বাস দেন। সেই সাথে খুব দ্রুত প্রতিষ্ঠানটি এমপিও ভুক্ত’র আওতায় আসবে বলে আশ্বস্ত করেন, চুয়াডাঙ্গা জেলা প্রতিবন্ধী

সাহায্য সেবা কেন্দ্র’র কর্মকর্তা আনোয়ার ইসলাম। এসময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রতিবন্ধী সাহায্য সেবা কেন্দ্র’র কনসালট্যান্ট ডাঃ মোঃ নুর আলম আকাশ।

শিক্ষা শিক্ষা শিক্ষা চাই, শিক্ষার কোন বয়স নাই, শিক্ষা ছাড়া গতি নাই” এই স্লোগানকে সামনে রেখে স্বপ্ন ছোঁয়া পলাশ সামাজিক উন্নয়ন সংস্থার পরিচালনায় এই বিদ্যালয়টি হাঁটি হাঁটি পা পা করে সমাজের পিছিয়ে পড়া প্রতিবন্ধীদের নিয়ে এগিয়ে চলেছে সুদৃঢ় পথ। এই প্রতিষ্ঠানের একঝাঁক নবীন-প্রবীন শিক্ষক এবং শিক্ষিকার অক্লান্ত পরিশ্রমে এগিয়ে চলেছে দুর্বার।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিশেষ শিক্ষা প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শিরিনা আখতার, বিদ্যালয় ম্যানেজিং কমিটির ভারপ্রাপ্ত সভাপতি আঃ কাদের, সিনিয়র শিক্ষিকা শাহিনুর আক্তার, সহকারী শিক্ষক- মৌসুমী আক্তার, হাফিজুর রহমান, নাসরিন নাহার, হাবিবুর রহমান, শিলা খাতুন, রেমী খাতুন, সিমা পারভীন, আশরাফিয়া, শারমিন সুলতান, সারা খাতুন, আকলিমা খাতুন, শিক্ষা সহায়ক- নাজমা জামান, রুপালি খাতুন, শিউলি খাতুন, ইকলাচ উদ্দিন, নৈশ প্রহরী শ্রী সুফল বিশ্বাস সহ অভিভাবক ও ছাত্র-ছাত্রী বৃন্দ।

ভারতের মেদিনীপুরে ৫দিন ওরশ শেষে দেশে ফিরলো বাংলাদেশের বিশেষ ট্রেন

দর্শনা, ভারতের মেদিনীপুরের হুজুর পাকের রওজা মোবারকে ৫দিন ওরশ শেষে বিশেষ স্পেশাল ট্রেনটি বাংলাদেশে ফিরছে।

আজ সোমবার (১৯ ফেব্রয়ারি) দুপুরে চুয়াডাঙ্গার দর্শনা আন্তর্জাতিক রেলপথ দিয়ে ফিরে এসেছে।

দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশন ম্যানেজার কামরুল ইসলাম ও দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন ইনচার্জ আতিক হাসান জানান, প্রতি বছরের মতো

এবারো স্পেশাল ট্রেনটি ২৪টি বগিতে ২২৬৩ জন যাত্রী নিয়ে গত বুধবার ভারতের পশ্চিম বঙ্গের মেদিনীপুর জোড়া মসজিদে হযরত আব্দুল কাদের জিলানী (রা.) এর বংশধর হযরত আল বাগদাদী আল মেদিনীপুরী (আ.) মশহুর নাম ‘মওলাপাক’ এর পবিত্র ওরশ শরীফের ১২৩ তম ওরশ অনুষ্ঠিত হয়।

এদের মধ্যে পুরুষ যাত্রী ১৩২৫,মহিলা ৮৫৪,শিশু ৮৪ জন মোট ২২৬৩ জন ওরশ শরীফে যোগ দেয়।

১৮ ফেব্রয়ারি রবিবার ওরশের বয়ানের পর ভোরে বিশেষ দোয়া শেষে রওনা হয়। সোমবার (১৯ ফেব্রয়ারি) সন্ধা সাড়ে ৬ টার দিকে স্পেশাল ট্রেনটি দর্শন দর্শনা রেল স্টেশনে পৌছায়। উলেখ্য গত ১৫ ফেব্রুয়ারি সকাল ১০ টার দিকে এ বিশেষ ট্রেনটি ভারতের উদ্দ্যেশে রওনা দেয়।

বাংলাদেশ ও ভারত সরকার যৌথভাবে ১৯০২ সাল থেকে এই ওরশকে ঘিরে এ ট্রেনটি চলাচলের ব্যবস্থা করে আসছে।

তিনি বলেন, বড়পীর আব্দুল কাদের জিলানীর বংশধরদের নৈকট্য লাভ, তাদের এক নজর দেখতে ও পূণ্য লাভের আশায় প্রতিবছর এই দিনে মেদিনীপুরে যান ভক্তরা। ওই ওরশের সঙ্গে মিল রেখে একইদিন রাজবাড়ীর বড় মসজিদ খানকা শরীফে নানা আনুষ্ঠানিকতা হয়। পীরের ভক্তরা এতে যোগ দেন।

ওরশে যোগদানের জন্য ভারত সরকারের সুপারিশ ও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ভারতীয় দূতাবাস বিশেষভাবে ভিসা দিয়ে থাকেন বলে জানান আজিজ কাদেরী।

দর্শনা পৌরসভায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস

পালন উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনা পৌরসভায় একুশে ফেব্রুয়ারি জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা পৌরসভার হল রুমে অনুষ্টিত প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু সভাপতিত্বে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা সরকারী কলেজের উপাধ্যক্ষ মফিজুর রজমান।

এসময় উপস্থিত ছিলেন বীর মুক্তিযুদ্ধো রুস্তম আলী, বীর মুক্তিযোদ্ধা এরশাদ আলী মাষ্টার, বীর মুক্তিযুদ্ধা রেজাউল করিম সবুর, নাগরিক কমিটির আহবাহক গোলাম ফারুক আরিফ, দর্শনা ডি এস মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ শফিউদ্দিন, সমাজ সেবক জাহিদুল ইসলাম, পৌর প্যালেন মেয়র রবিউল হক সুমনের।

কাউন্সিলার এনামুল হকের উপস্থাপনায়, আরও আলোচনা করেন, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান, দর্শনা গনউন্নয়ন গ্রন্থগারের পরিচালক আবু সুফিয়ান,পৃর্ব রামনগরের প্রধান শিক্ষক হারুন অর রশিদ,দর্শনা পৌরসভার কর্মকর্তা কর্মচারী বৃন্দু প্রমুখ।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার আকন্দবাড়িয়া রায়পাড়ার ইমরান হোসেন পিল্টু (২৮) কে ১২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত পিল্টু দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া রায়পড়ার ইস্রাফিলের ছেলে।

জানাযায়, আজ রবিবার বিকেল সাড়ে ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আলহেরা

স্কুলের পিছনে।

এ সময় দর্শনা থানার এস আই ফাহিম হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দক্ষিণ চাঁদপুর গ্রামের সামাদের ভুট্টা ক্ষেতের ভিতর থেকে ইমরান হোসেন পিল্টুকে ১২ বোতল ফেনসিডিলসহ গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় ২ কেজি গাঁজাসহ ইজিবাইক উদ্ধার; গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ২কেজি গাঁজাসহ একজনকে গ্রেফতার করেছে।

জানাগেছে আজ শুক্রবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা রেল বাজারের শহিদুল ইসলামের মুদি দোকানের সামনের পাকা রাস্তার উপর।

এ সময় দর্শনা থানার এস আই খান আঃ রহমান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি ইজিবাইকসহ রিপনকে (৩৫)গ্রেফতার করে। পরে তার ইজিবাইক তল্লাশি করে কসটেপ মোড়ানো ভারতীয় ২ কেজি গাঁজা উদ্ধার করে। গ্রেফতাররকৃত রিপন দর্শনা পৌরসভার রামনগর গ্রামের আঃ রহমানের ছেলে।

আজ শুক্রবার তার বিরুদ্ধে এস আই আঃ রহমান বাদি হয়ে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় পশু চিকিৎসকে ২৫ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা গ্রামের আসাদুলের ছেলে পল্লীপ্রাণি চিকিৎসক সাইদুজ্জামান কে মোবাইল কোর্টে ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

প্রয়োজনীয় কাগজপত্র না থাকা সত্ত্বেও পল্লী প্রাণী চিকিৎসক হিসাবে চিকিৎসা সেবা প্রদানের জন্য বাংলাদেশ ভেটেনারী কাউন্সিল আইন ২০১৯ এর ৩৮ ধারায় ২৫ হাজার টাকা জরিমানা করেন মোবাইলের কোর্টের বিচারক দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার(ভূমি)সজল কুমার।

মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগীতা করেন দামুড়হুদা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ নীলিমা আক্তার হ্যাপী।

এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা ভেটেনারী সার্জন ডা:নাজমুল হাসান শাওন, কার্পাসডাঙ্গা লাইভস্টক সার্ভিস প্রোভাইটার বিল্লাল হোসেন, রফিকুল ইসলাম প্রমুখ।

দর্শনায় ডিবির অভিযানে ইয়াবাসহ রাঙ্গিয়ারপোতার সালাম আটক

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) সদস্যদের হাতে ৪০ পিস ইয়াবা ট্যাবলেটসহ সালাম (৩৮) নামের এক ইয়াবা ব্যবসায়ী আটক হয়েছে।

আজ বৃহস্পতিবার (১৫ ফ্রেব্রয়ারি) সকালে সদর উপজেলার দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া এলাকা হতে তাকে আটক করা হয়।

আটককৃত সালাম দর্শনা উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের মাঝেরপাড়ার মৃত কবির হোসেনের ছেলে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদকবিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার এসআই মুহিদ হাসান ও এএসআই মাহমুদুল হাসান সঙ্গীয় অফিসার ফোর্সসহ আজ বৃহস্পতিবার সকাল ৭টার দিকে দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন। অভিযানকালে আকন্দবাড়ীয়া গ্রামস্থ হাসানের চায়ের দোকানের সামনে দর্শনা-জীবননগরগামী আঞ্চলিক মহাসড়কের উপর হতে সালাম নামের এক ব্যক্তিকে আটক করা হয়। আটককৃত ব্যক্তির হেফাজত হতে উদ্ধারপূর্বক জব্দ করা হয় ৪০ পিস ইয়াবা ট্যাবলেট।

এ ঘটনায় আটককৃত সালামের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

আজ দর্শনা থেকে ভারতের উদ্দেশ্যে ছেড়ে যাচ্ছে মেদিনীপুরের বিশেষ ট্রেন

আজ বৃহস্পতিবার রাত ১ টায় পৌছাবে রাজবাড়ী থেকে ছেড়ে আসা মেদিনীপুর বিশেষ ট্রেনটি।সকাল সাড়ে ৮ টায় দর্শনা ইমিগ্রেশনে কাগজপত্র চেকিং করে সকাল ৯ টায় ছেড়ে যাবে এ বিশেষ ট্রেনটি। ভারতের পশ্চিমবঙ্গ মেদিনীপুরের জোড়া মসজিদে বার্ষিক ওরশ শরীফ উপলক্ষে এবারও রাজবাড়ী থেকে দেশটিতে যাচ্ছে বিশেষ ট্রেন। ১২৩ তম এ ওরশ শরীফে বাংলাদেশ থেকে যাচ্ছেন দুই হাজার ২৫১ জন ভক্ত। এদের মধ্যে ১৩১৮ জন পুরুষ ৯৩৩ জন মহিলা ওরশ শরীফে যাবে বলে জানা গেছে।

ভারত থেকে আসা ২৪ বগির বিশেষ একটি ট্রেন যাত্রীদের নিয়ে বুধবার রাত ১০টায় মেদিনীপুরের উদ্দেশে ছেড়ে যাবে বলে জানান রাজবাড়ী রেলওয়ে স্টেশন মাস্টার তন্ময় কুমার দত্ত।রাজবাড়ী আঞ্জুমান-ই-

কাদেরীয়ার সাধারণ সম্পাদক আব্দুল আজিজ কাদেরী বলেন, ১৭ ফেব্রুয়ারি রাতে মেদিনীপুর জোড়া মসজিদে হযরত আব্দুল কাদের জিলানী (রা.) এর বংশধর হযরত আল বাগদাদী আল মেদিনীপুরী (আ.) মশহুর নাম ‘মওলাপাক’ এর পবিত্র ওরশ অনুষ্ঠিত হবে।

শত বছরেরও বেশি সময় ধরে এই ওরশ উৎসবকে নিয়ে আন্তর্জাতিক বিশেষ এই ট্রেনটি দুটি দেশের সেতুবন্ধন এবং সব ধর্মের প্রতি শ্রদ্ধা জানিয়ে আসছে। বাংলাদেশ ও ভারত সরকার যৌথভাবে ১৯০২ সাল থেকে এই ওরশকে ঘিরে এ ট্রেনটি চলাচলের ব্যবস্থা করে আসছে।

তিনি বলেন, বড়পীর আব্দুল কাদের জিলানীর বংশধরদের নৈকট্য লাভ, তাদের এক নজর দেখতে ও পূণ্য লাভের আশায় প্রতিবছর এই দিনে মেদিনীপুরে যান ভক্তরা। ওই ওরশের সঙ্গে মিল রেখে একইদিন রাজবাড়ীর বড় মসজিদ খানকা শরীফে নানা আনুষ্ঠানিকতা হয়। পীরের ভক্তরা এতে যোগ দেন।

ওরশে যোগদানের জন্য ভারত সরকারের সুপারিশ ও বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহযোগিতায় ভারতীয় দূতাবাস বিশেষভাবে ভিসা দিয়ে থাকেন বলে জানান আজিজ কাদেরী।

স্টেশন মাস্টার তন্ময় কুমার দত্ত বিডিনিউজ বলেন, দুপুরে ভারত থেকে ২৪ বগির ট্রেনটি রাজবাড়ী এসে পৌঁছায়। যাত্রীরা যাতে নিরাপদে গন্তব্যে পৌঁছাতে পারে এজন্য রেল কর্তৃপক্ষ সব ধরনের ব্যবস্থা নিয়েছে।

ট্রেনের ভেতরে যেন কোনো বিঘ্ন না ঘটে সে জন্য গার্ড, ইলেকট্রিশিয়ান, অ্যাটেনটেন্ড নিয়োগ দেওয়া হয়েছে; ওরশ শেষে ১৯ ফেব্রুয়ারি একই ট্রেনে যাত্রীরা ফিরবেন বলে জানান তিনি।এ বিষয়ে দর্শনা আন্তর্জাতিক ইমিগ্রেশন ইনচার্জ আতিক হাসান জানান যাত্রীদের জন্য কড়া নিরাপত্তা ব্যাবস্থা করা হয়েছে। এবং বাড়তি ফোর্স মোতায়েন করা হয়েছে।এবং প্রত্যক যাত্রীর বৈধ পাসপোর্ট আছে কিনা সব চেকিং করে ছাড়া হবে। আজ বৃহস্পতিবার সকাল ৯ টায় এ বিশেষ ট্রেনটি ভারতের উদ্দেশ্যে ছাড়া হবে।